

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২১০

৩/ হায়িয (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ৩/২৯. মুসলিম অপবিত্র হয় না এর দলীল

الدليل على أن المسلم لا ينجس

## আরবী

حَدِيْثُ أَبِي هُرَيْرَةَ قَالَ لَقِيَنِي رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَأَنَا جُنُبٌ فَأَخَذَ بِيَدِي فَمَشَيْتُ مَعَهُ حَتَّى قَعَدَ فَانْسَلَلْتُ فَأَتَيْتُ الرَّحْلَ فَاغْتَسَلْتُ ثُمَّ جِبِّتُ وَهُوَ قَاعِدٌ فَقَالَ أَيْنَ كُنْتَ يَا أَبَا هِرِّ إِنَّ الْمُؤْمِنَ لَا يَنْجُسُ

## বাংলা

২১০. আবূ হুরায়রাহ্ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমার সাথে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাক্ষাৎ হলো, তখন আমি জুনুবী ছিলাম। তিনি আমার হাত ধরলেন, আমি তাঁর সাথে চললাম। এক স্থানে তিনি বসে পড়লেন। তখন আমি সরে পড়ে বাসস্থানে এসে গোসল করলাম। আবার তাঁর নিকট গিয়ে তাঁকে বসা অবস্থায় পেলাম। তিনি জিজ্ঞেস করলেন আবূ হুরায়রাহ্! কোথায় ছিলে? আমি তাঁকে (ঘটনা) বললাম। তখন তিনি বললেনঃ 'সুবহানাল্লাহ! মু'মিন অপবিত্র হয় না'।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৫: গোসল, অধ্যায় ২৪, হাঃ ২৮৫; মুসলিম, পর্ব ৩: হায়য,, অধ্যায় ২৯, হাঃ ৩৭১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন